



বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫ মতিঝিল বা/এ, ঢাকা
আন্তর্জাতিক বাণিজ্য বিভাগ

টেলিফোননং : ৪৭১১০৬৭৭
৯৫৫৭০৬৬
ফ্যাক্স নং : ৪৭১২৩৬৮৩
ই-মেইল : dgmtrade@krishibank.org.bd

পরিকল্পনা ও পরিচালন সার্কুলার লেটার নং ০৩/২০২২-২৩

তারিখঃ ০৩/০৪/২০২৩

মহাব্যবস্থাপক,
বাংলাদেশ কৃষি ব্যাংক,
স্থানীয় মুখ্য কার্যালয়,
উপমহাব্যবস্থাপক/ ব্যবস্থাপক
বাংলাদেশ কৃষি ব্যাংক,
সকল অনুমোদিত ডিলার শাখা।

বিষয়ঃ “Bangladesh Bank- Authorized Dealers’ Forum” এর ৩২ তম সভার রেকর্ডনোটস প্রসঙ্গে।

প্রিয় মহোদয়

উপরোক্ত বিষয়ে বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ, বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়, ঢাকা এর পত্র নং এফইপিডি (এফইএমপি) ৩৪/২০২২-১৩৭৮, তারিখ ১৩/০৩/২০২৩ এবং তৎসঙ্গে সংযুক্ত Bangladesh Bank Authorized Dealers’ Forum এর বিগত ১৪-০২-২০২৩ তারিখে অনুষ্ঠিত ৩২তম সভার সিদ্ধান্ত সমূহের প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে (কপি সংযুক্ত)।

০২। বিবি-এডি ফোরামের ৩২তম সভার সকল সিদ্ধান্ত বাস্তবায়ন এবং এ প্রেক্ষিতে অত্র ব্যাংক সংশ্লিষ্ট উক্ত সভার নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়নের জন্য পরামর্শ প্রদান করা হলো :

ক) অনলাইন ইম্পোর্ট মনিটরিং সিস্টেমে-এ মাসিক ভিত্তিতে আমদানী সংক্রান্ত লেনদেনের সার্টিফিকেট দাখিল প্রসংগেঃ

এফইওডির পক্ষ থেকে সভাকে অবহিত করা হয় যে, ডিসেম্বর’২০২২ হতে অনলাইন ইম্পোর্ট মনিটরিং সিস্টেমে ব্যাংকসমূহের মাসিক ভিত্তিতে আমদানীর তথ্য তাদের নিজ নিজ ট্রেজারী বিভাগ কর্তৃক প্রত্যয়ন করতঃ সার্টিফিকেট আকারে দাখিলের জন্য এফইওডির ০৬/১১/২০২২ তারিখের পত্র নং এফইওডি/ইম্পোর্ট ট্রেড/০১/২০২২-৪৯০০ এর মাধ্যমে নির্দেশনা প্রদান করা হয়েছে এবং এ সংক্রান্ত একটি নতুন Tab সংযোজন করা হয়েছে। উক্ত সার্টিফিকেট OEMS এ যথাসময়ে দাখিলের জন্য ব্যাংকসমূহকে নির্দেশনা প্রদান করা হয়েছে।

খ) আমদানী এলসির বিপরীতে outstanding এর পরিমান যথাযথভাবে সমন্বয় প্রসংগে :

সাধারণত স্বীকৃত আমদানী এলসির মূল্য আমদানীকারকের ব্যাংক কর্তৃক নির্দিষ্ট সময়ের মধ্যে পরিশোধিত হয়ে থাকে কিন্তু একটি নির্দিষ্ট এলসির বিপরীতে পরিশোধিত মোট আমদানী মূল্য অপেক্ষা কম হয় তবে তা সিস্টেমে-এ outstanding এলসি হিসাবে প্রদর্শিত হয় মর্মে উল্লেখ করে এফইওডির প্রতিনিধি ব্যাংকসমূহকে এলসির অব্যবহৃত অংশ সমন্বয়ের জন্য বিভিন্ন সময় নির্দেশনা প্রদান করা হলেও outstanding এলসির পরিমান এখনও সন্তোষজনক পর্যায়ে এসে পৌছায়নি মর্মে সভাকে অবহিত করা করেন। এ বিষয়ে তদারকী ব্যবস্থা জোরদার করার জন্য এফইওডি’র পক্ষ থেকে প্রস্তাব করা হয়। সভায় উপস্থিতিদের পক্ষ থেকে বলা হয় যে, এলসির অব্যবহৃত অংশ সমন্বয়ের জন্য তদারকী কার্যক্রম জোরদার করা হচ্ছে। আমদানী বানিজ্যের প্রকৃত চিত্র উপস্থাপনের নিমিত্তে outstanding এলসির পরিমান কাম্য পর্যায়ে উপনীত করার নিমিত্তে জোর পদক্ষেপ গ্রহণের জন্য সভাপতি সকলকে নির্দেশনা প্রদান করেন।

গ) Fx Dash Board এর OEMS এ সংযোজিত Cash Incentive Sub-module এর মাধ্যমে এডি ব্যাংকগুলোর রপ্তানী প্রণোদনা /নগদ সহায়তার আবেদন প্রসংগে :

৭টি ব্যাংকের উপর পরিচালিত Cash Incentive Module এর Trial Run সমাপনান্তে ডিসেম্বর/২০২২ মাস হতে নগদ সহায়তার আবেদন ম্যানুয়াল পদ্ধতির পাশাপাশি এডি ব্যাংকগুলো বর্ণিত মডিউলটির মাধ্যম অনলাইনে প্রেরণ করছে এবং আগামী মার্চ/২০২৩ মেয়াদান্তে শুধু অনলাইনে নগদ সহায়তার আবেদন গ্রহণ করা হবে মর্মে এফইওডির প্রতিনিধি সভাকে অবহিত করেন। এ উপলক্ষ্যে এডি ব্যাংকের বাছাইকৃত কিছু কর্মকর্তাদের বিবিটিএতে ট্রেনিং দেয়া হয়েছে মর্মেও এফইওডির পক্ষ হতে সভাকে জানানো হয়। এ বিষয়ে আলোচনায় অংশ নিয়ে সভার সভাপতি সংশ্লিষ্ট বিষয়ে প্রশিক্ষণপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক তাদের স্ব স্ব ব্যাংকের কর্মকর্তাদের পর্যাপ্ত প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দক্ষ ও উপযোগী করে গড়ে তোলার নিমিত্তে পদক্ষেপ গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করেন।

বিবি-এডি ফোরামের সপ্তদশ সভার ১২ নং সিদ্ধান্ত যথাযথভাবে পরিপালন প্রসঙ্গে :

বিবি-এডি ফোরামের সপ্তদশ সভার ১২ নং সিদ্ধান্ত অনুযায়ী, রপ্তানীমূল্যের ৫% বা এর অতিরিক্ত বাংলাদেশ ব্যাংক কর্তৃক অনুমোদিত এজেন্ট কমিশন এবং অন্যান্য চার্জ/ফি হিসাবে SWIFT/Cable Charges, Discrepancy Charges, Reimbursement/ Payment fee, Postal/Courier Charges, LC amendment Charges, Export Bill Acceptance Fee ইত্যাদি কর্তনের তথ্য OEMS এ ইএক্সপি'র বিপরীতে রপ্তানীমূল্য প্রত্যাভাসনের (ট্রিপ্লিকেট) তথ্যের সাথে একই ঘরে/ফিল্ডে রিপোর্ট করার সুযোগ রাখা হয়েছে। এফইওডির পর্যবেক্ষণ অনুযায়ী, রপ্তানী মূল্য প্রত্যাভাসন সংশ্লিষ্ট বিভিন্ন চার্জসমূহের যথার্থতা নিশ্চিতের ক্ষেত্রে এডি শাখাসমূহ কর্তৃক তদারকি করা হয়না। উদাহরণস্বরূপ, ব্যাংকসমূহের ২০১৮ হতে ২০২১ সাল পর্যন্ত রিপোর্টকৃত অনেক ইএক্সপি'র বিপরীতে ৫% এর অধিক পরিমাণ চার্জ কর্তন করা হয়েছে। এর মাধ্যমে, অপ্রত্যাভাসিত রপ্তানীমূল্যকে অনেক ক্ষেত্রে সমপরিমাণ চার্জ হিসেবে রিপোর্ট করে রপ্তানীকারককে মূল্য প্রত্যাভাসনের দায় এড়ানোর চেষ্টা লক্ষ্য করা যায়। অন্যদিকে, রপ্তানী Lc/Contract এর বিপরীতে ৫% এ অধিক এজেন্ট কমিশনের পূর্বানুমোদন গ্রহণের পর সে তথ্য Reimbursement/Payment Fee হিসাবে ইএক্সপি'তে রিপোর্ট করা হচ্ছে। ফলে, রপ্তানীর বিপরীতে ব্যাংক চার্জ ও এজেন্ট কমিশন কর্তনের প্রকৃত তথ্য পাওয়া দুষ্কর হয়ে উঠেছে। এ বিষয়ে সভার সভাপতি ব্যাংকসমূহের রিপোর্ট সংশ্লিষ্ট কর্মকর্তা পর্যায়ে সর্বোচ্চ সতর্কতা অবলম্বনসহ যথানিয়মে রিপোর্ট সম্পর্কে নিশ্চিত হওয়ার জন্য নির্দেশনা প্রদান করেন।

গ) গ্যারান্টি ইস্যু/নবায়নের বিষয়ে আবেদনপত্র প্রেরণে এডি শাখা কর্তৃক আবশ্যিক দলিলাদি দাখিল প্রসঙ্গে:

ব্যাংকসমূহ কর্তৃক গ্রাহকের পক্ষে গ্যারান্টি/পারফরমেন্স গ্যারান্টি/এ্যাডভান্স পেমেন্ট গ্যারান্টি, স্ট্যান্ড বাই লেটার অব ক্রেডিটসহ অন্যান্য নন-ফান্ডেড সুবিধা প্রদান/ইস্যুকরণের বিষয়ে এফইপিডিতে প্রেরিত আবেদনপত্র পর্যালোচনায় প্রায়শ গুরুত্বপূর্ণ তথ্যাদি/দলিলাদির ঘাটতি পরিলক্ষিত হয় যাতে আবেদনপত্রের বিষয়বস্তু নিষ্পত্তিতে অনাকাঙ্ক্ষিত সময়ক্ষেপণ হয়ে থাকে মর্মে এএ্যাডভান্সএফবিপি শাখা হতে সভাকে অবহিত করা হয়। এ প্রেক্ষিতে বিবেচ্য পত্রের সাথে সংশ্লিষ্ট তথ্য-উপাত্ত ও দলিলাদি যেমন আবেদনকৃত নন-ফান্ডেড এক্সপোজারের মঞ্জুরীপত্র, সংশ্লিষ্ট গ্রাহকসমূহ বৃহদাংক ঋণসীমা বা Single Borrower exposure অতিক্রম করেছে কিনা তার ঘোষণা/অনাপত্তিপত্র, সংশ্লিষ্ট চুক্তিপত্রের কপি, মার্জিন/পর্যাপ্ত জামানত গ্রহণ সংক্রান্ত তথ্য প্রভৃতি বিদ্যমান বিধিবিধানের পূর্ণাঙ্গ পরিপালন নিশ্চিতকরণে আবশ্যিক মর্মেও এএ্যাডভান্সএফবিপি উল্লেখ করে। সভাপতি মহোদয় এএ্যাডভান্সএফবিপি কর্তৃক উত্থাপিত প্রস্তাব বিবেচনায় নিয়ে এফইপিডিতে আবেদনপত্র প্রেরণকালে সংশ্লিষ্ট তথ্য-উপাত্ত ও দলিলাদি প্রেরণ করার জন্য এডি ব্যাংকগুলোকে নির্দেশনা প্রদান করেন।

চ) ইম্পোর্ট ট্রানজেকশন এর বিপরীতে Vessel/Container tracking এর ক্ষেত্রে Risk Based approach গ্রহণ প্রসঙ্গে :

এফই সার্কুলার নং ৯, তারিখ ১৭ মে ২০২২ অনুযায়ী সকল ইমপোর্ট ট্রানজেকশন এর শিপমেন্ট এর বিপরীতে Vessel/Container tracking বাধ্যতামূলক করা হয়েছে। এই সার্কুলার এর আলোকে সকল ইমপোর্ট ট্রানজেকশনের ক্ষেত্রে tracking এর পরিবর্তে Risk Based Approach এর ভিত্তিতে tracking কার্যক্রম সম্পাদন করা যায় কিনা বিষয়টি আলোচনার জন্য উত্থাপন করা হয়। আলোচনায় অংশ নিয়ে উপস্থিত ব্যাংক প্রতিনিধিরা একটি সুনির্দিষ্ট মূল্যের অধিক ইমপোর্ট ট্রানজেকশনের ক্ষেত্রে Vessel/Container tracking বাধ্যতামূলক করা অথবা Trade Based Money Laundering এর আলোকে ট্রান্সপোর্ট ডকুমেন্টে কোনরূপ material discrepancy পরিলক্ষিত হলে সেক্ষেত্রে tracking করা আবশ্যিক মর্মে তাদের অভিমত পেশ করেন। বিস্তারিত আলোচনান্তে এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয় যে, ব্যাংক বৈদেশিক লেনদেন এর প্রকৃতি ও ঝুঁকি বিবেচনায় প্রয়োজনবোধে স্বীয় Risk Based Approach ব্যবহার করে বিদ্যমান সার্কুলারের বাস্তবায়ন করবে।

ছ) ইম্পোর্ট ট্রানজেকশন এর বিপরীতে Price Verification প্রসঙ্গে :

GFET-২০১৮ এর চ্যাপ্টার-৭, প্যারা-২০ এর মাধ্যমে এডি ব্যাংকসমূহকে আমদানী মূল্যের যৌক্তিকতা যাচাইপূর্বক আমদানী সম্পাদনের প্রাধিকার রয়েছে। কিন্তু বাণিজ্যিক ব্যাংকের রিপোর্টিং পর্যালোচনান্তে এডি ব্যাংকসমূহ কর্তৃক আমদানীমূল্যের যৌক্তিকতা যাচাই হচ্ছে না মর্মে প্রতীয়মান হওয়ায় বাংলাদেশ ব্যাংক এফই সার্কুলার লেটার নং-২৪ (তাং-১৪/০৭/২০২২) এবং উহার অনুবৃত্তিক্রমে এফই সার্কুলার লেটার নং-২৯ (২৮/০৭/২০২২ তারিখ) জারি পূর্বক ৩ মিলিয়ন মার্কিন ডলার ও তদুর্ধ্ব আমদানি মূল্যের ক্ষেত্রে আমদানি পরিবীক্ষন কার্যক্রম আরম্ভ করে। এরই ধারাবাহিকতায় আমদানী পণ্যের price verification এর উপর অধিকতর গুরুত্ব আরোপ করে এফই সার্কুলার-৩৬/২০২২ তারিখ ১৭ অক্টোবর ২০২২ জারি করা হয়। বিষয়টির গুরুত্ব উল্লেখ করে price verification সংশ্লিষ্ট গাইড লাইন বা নীতিমালা প্রদান করার জন্য স্যাভার্ড চার্টার্ড ব্যাংকের প্রতিনিধি সভায় প্রস্তাব পেশ করেন। আলোচনায় অংশ নিয়ে সিটি ব্যাংক এন.এ'র প্রতিনিধি বিষয়টিতে কাষ্টমস কর্তৃপক্ষের সহায়তা নেয়ার পক্ষে তার অভিমত ব্যক্ত করেন। এফইপিডির পরিচালক মহোদয় বিষয়টি সবিস্তারে ব্যাখ্যা করে বলেন যে, চলমান আমদানি পরিবীক্ষন কার্যক্রম বৈদেশিক মুদ্রা নীতি বিভাগের "বৈদেশিক মুদ্রা বাজার ও বৃহৎ আমদানি পরিবীক্ষন শাখা" হতে নীবিড়ভাবে পরিচালিত হচ্ছে। এই কার্যক্রমের আওতায় আমদানি নীতি আদেশ, এলসি, কন্ট্রাষ্ট প্রভৃতি আমদানি মাধ্যমে পণ্যমূল্য (এফওবি), জাহাজভাড়া, ইন্সটলেশন, কমিশন প্রভৃতি পরীবিক্ষন, ওভার/আন্ডার ইনভয়েসিং, আমদানির আড়ালে অর্থপাচার, আমদানি বিষয়ক অন্যান্য বিধিবিধান পরিপালন পরীবিক্ষন করা হয়। তিনি আরো বলেন যে কাস্টমি অব অরিজিন অনুযায়ী সংশ্লিষ্ট আমদানিতব্য পণ্যের হালনাগাদ competitive market price কত হবে তা পণ্যের প্রকৃতি, মান, পরিমাণ প্রভৃতির ভিন্নতার কারণে ভিন্ন ভিন্ন হতে পারে। সার্বিক আলোচনান্তে price verification এর ক্ষেত্রে ব্যাংকাররা তাদের স্বীয় জ্ঞান, অভিজ্ঞতা, প্রজ্ঞা ও নিষ্ঠার সর্বোচ্চ ব্যবহারের পাশাপাশি

প্রযোজ্য ক্ষেত্রে আন্তর্জাতিকভাবে স্বীকৃত বিভিন্ন Web portal এর সহায়তা নিতে পারেন মর্মে তিনি অভিমত ব্যক্ত করলে সভাপতি মহোদয় তা সমর্থন করে সংশ্লিষ্ট সকলকে পরিপালনের নির্দেশনা প্রদান করেন।

জ) IMP Form এর হার্ড কপি সংরক্ষণের প্রয়োজনীয়তা প্রসঙ্গে :

ইমপোর্ট পেমেন্টের বিপরীতে Bangladesh Bank Online Import Monitoring System এ IMP reporting এর পাশাপাশি IMP Form এর হার্ডকপি সংরক্ষণের বাধ্যবাধকতা রয়েছে। স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংকের প্রতিনিধি ইমপোর্ট ট্রানজেকশন সহজীকরণের লক্ষ্যে IMP Form এর হার্ডকপি সংরক্ষণের প্রয়োজনীয়তা বিবেচনা করার জন্য প্রস্তাব করলে সভার সভাপতি আইনগত দিক বিবেচনায় তা এখনই রহিত করা যাবে না মর্মে সকলকে অবহিত করেন।

ঝ) Chinese Yuan Renminbi (CYN) মুদ্রায় ERQ হিসাব খোলার অনুমোদন প্রসঙ্গে :

FE সার্কুলার নং-২৫/২০২২ এর মাধ্যমে এডি ব্যাংসমূহকে তাদের আমদানী রপ্তানী বাণিজ্য এবং বৈদেশিক মুদ্রা বিনিময় সহজীকরণের জন্য তাদের বৈদেশিক Correspondents/Branch এর সহিত CYN মুদ্রায় হিসাব খোলার অনুমোদন জ্ঞাপিত রয়েছে। এজন্য Guideline For Foreign Exchange Transactions 2018 Vol-1 এর para 1, chapter-4, para 24, Chapter 07 এবং para 5, Chapter 08 সংশোধন করতঃ CYN মুদ্রাকে আমদানী রপ্তানী বাণিজ্যের জন্য বিনিময় যোগ্য মুদ্রা হিসাবে স্বীকৃতি দেয়া হয়েছে যার ফলে CYN মুদ্রায় বৈদেশিক বাণিজ্য সম্প্রসারণের সুযোগ তৈরী হয়েছে। আলোচ্য সার্কুলারের রেফারেন্স উল্লেখ করে সাউথ ইস্ট ব্যাংকের প্রতিনিধি CYN মুদ্রায় রপ্তানী কার্যক্রম সংঘটিত হলে রপ্তানীকারকদের ERQ হিসাব CYN মুদ্রায় হিসাব খোলার সুবিধা দেয়ার জন্য sec-iv Para 28(a)(i) Chapter-13 এ CYN মুদ্রাকে USD,GBP, EURO ও JPY এর সাথে সম্প্রসারণের অনুমোদন দেয়ার জন্য সাউথ ইস্ট ব্যাংক লিঃ প্রস্তাব পেশ করলে সভায় উপস্থিত অংশীজনেরা তার অনুসমর্থন করেন। এ বিষয়ে এফইপিডি'র পক্ষ থেকে অবহিত করা হয় যে, যে মুদ্রায় রপ্তানী মূল্য প্রত্যাশন হবে সে মুদ্রায় ইআরকিউ হিসাব স্থাপনে নীতিগত বাধা নেই। ফলে CYN মুদ্রায় বিংবা অন্য কোন বিনিময়যোগ্য মুদ্রায় রপ্তানীমূল্য প্রত্যাশন হলে উক্ত মুদ্রায় ইআরকিউ হিসাব স্থাপন করা যাবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া GFET এর পরবর্তী সংস্করণে মুদ্রার নাম প্রত্যাহার করে "বিনিময়যোগ্য/ব্যবহারযোগ্য মুদ্রা" উল্লেখ করা হবে মর্মেও সিদ্ধান্ত গৃহীত হয়।

ঞ) Marchanting Trade এর অপারেশনাল গাইডলাইন প্রসঙ্গে :


এফ ই সার্কুলার ২২, তারিখ ১৪ সেপ্টেম্বর ২০২২ এ Marchanting Trade সম্পর্কিত সুনির্দিষ্ট গাইডলাইন প্রদান করা হয়েছে। সার্কুলারের para 02(e) তে, রপ্তানীর বিপরীতে বৈদেশিক মুদ্রা প্রত্যাশনের পূর্বেই short term buyer's credit এর মাধ্যমে ইমপোর্ট এর বিপরীতে মূল্য পরিশোধ করা যাবে বলে উল্লেখ করা হয়েছে। একই সাথে বলা হয়েছে AD ইস্যুকৃত ঋণপত্রের বিপরীতে কোন প্রকার Payment undertaking/Acceptance প্রদান করা যাবে না। OBU/External source কর্তৃক buyer's credit প্রদানের ক্ষেত্রে ঋণপত্র প্রদানকারী ব্যাংকের acceptance এর বাধ্যবাধকতা রয়েছে। এই মর্মে, এডি ব্যাংকের করণীয় প্রসঙ্গে পরামর্শ প্রদানের জন্য স্ট্যান্ডার্ড ব্যাংকের পক্ষ থেকে প্রস্তাব করা হয়। আলোচনায় অংশ নিয়ে এফইপিডি'র পক্ষ থেকে সভাকে স্পষ্টীকরণ করা হয় যে, ব্যারিস ক্রেডিট এর আওতায় তৃতীয় দেশ থেকে পণ্য সংগ্রহের ক্ষেত্রে স্থানীয় ব্যাংক কর্তৃক ইউপাস এলসি কিংবা ইউজেন্স এলসি স্থাপনের সুযোগ নেই। ফলে acceptance এর আবশ্যিকতা থাকবে না। অফশোর ব্যাংকিং ব্যবস্থা থেকেও অর্থায়নের সুযোগ নেই। বিদেশী পক্ষ থেকে ব্যারিস ক্রেডিট এর আয়োজন থাকলে উক্ত ঋণের মাধ্যমে সংগ্রহ মূল্য পরিশোধের জন্য স্থানীয় পর্যায়ে ঋণপত্র স্থাপনের প্রয়োজন হলে ব্যাংক সাইট ঋণপত্র ইস্যু করতে পারে, যার পরিশোধ দায় ব্যারিস ক্রেডিট এর আওতায় নিষ্পত্তি হবে।

০৩। এমতাবস্থায়, বাংলাদেশ ব্যাংকের উপরোক্ত নির্দেশনা সংশ্লিষ্ট সকলকে যথাযথভাবে পরিপালনের জন্য অনুরোধ করা হলো।

০৪। উক্ত সার্কুলার লেটারের নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

অনুমোদনক্রমে,

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক।


(মোঃ মোস্তাফিজুর রহমান)
উপমহাব্যবস্থাপক

সদয় জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য(ই-মেইলে)অনুলিপি প্রেরন করা হলো :

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি ,প্রকা ,ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, সকল উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি ,প্রকা ,ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর/অধ্যক্ষ, স্টাফ কলেজ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। সচিব, পর্ষদ সচিবালয়/সকল উপমহাব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। (উপমহাব্যবস্থাপক আইসিটি সিস্টেম, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে পরিপত্রটি ব্যাংকের ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।)
- ০৫। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৬। মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৭। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৮। নথি/ মহানথি।


০৩/০৪/২০২৩

(এস এম সোহেল রানা)

উর্দ্ধতন মুখ্য কর্মকর্তা